

তথ্য কমিশনে ১৪/১২/২০১৭ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ০৯টি অভিযোগের শুনানীশেষে ০৫টি অভিযোগের নিষ্পত্তি করা হয়। ০৩ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০১টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর পরিচালক (জোন-৫), মহাখালী স্বাস্থ্য অধিদপ্তরের সহকারি পরিচালক (আইন) এবং লক্ষ্মীপুর পুলিশ সুপার কার্যালয়ের অতিরিক্ত পুলিশ সুপারের (সদর সার্কেল) বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়। এছাড়া ০২ টি অভিযোগ গ্রহণযোগ্যতা বিষয়ক শুনানীর মাধ্যমে নিষ্পত্তি করা হয় যার মধ্যে ০১ টি অভিযোগ গ্রহণযোগ্য নয় মর্মে নিষ্পত্তি করা হয়।

অন্যদিকে রূপালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা ও তথ্য বিভাগের উপ-মহাব্যবস্থাপক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সেটেলমেন্ট অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং জনতা ব্যাংক লিমিটেডের (মতিঝিল কর্পোরেট শাখা) উপ-মহাব্যবস্থাপকের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়। এছাড়া সাভার হাইওয়ে থানার অফিসার ইনচার্জের বিরুদ্ধে আনিত অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

স্বাক্ষরিত/-

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কশিমন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd